ব্যবস্থাপনা পরিচালক
প্রবাসী কল্যাণ ব্যাংক
নং-২২৬২ তারিখঃ ২৯/০১/২০১৯
DMD P/.
☐ উপস্থাপন করুন
☑ প্রয়োজনীয় ব্যবস্থা নিন
☐ জবাব প্রেরণ করুন
☐ আলাপ করুন
স্বাক্ষর

উপব্যবস্থাপনা পরিচালক
প্রবাসী কল্যাণ ব্যাংক
নং-২২৬৭ তারিখঃ ২৯/০১/১৯
DVP
☑ উপস্থাপন করুন
☐ প্রয়োজনীয় ব্যবস্থা নিন
☐ জবাব প্রেরণ করুন
☐ আলাপ করুন
স্বাক্ষর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড**
প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন
৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ঢাকা
www.wewb.gov.bd

নং-৪৯.০৪.০০০০.০০৪.১৮.৩১২৬.১৪ – ২৪৬

তারিখ: ১৫-১০-১৪২৫ বঙ্গাব্দ
২৯-০১-২০১৯ খ্রিস্টাব্দ

## অফিস আদেশ

বিশ্বের ১৬০ টি দেশে প্রায় ১ কোটি ২০ লক্ষ প্রবাসী বাংলাদেশি কর্মী যোগ্যতা, দক্ষতা, মেধা ও কঠোর পরিশ্রমের মাধ্যমে অর্জিত বৈদেশিক মুদ্রা (রেমিটেন্স) দেশে প্রেরণ করে দেশের উন্নয়ন তথা জাতীয় অর্থনৈতিক উন্নয়নে অবদান রাখছে। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড প্রবাসী কর্মী ও তাঁদের পরিবারের সদস্যদের সার্বিক কল্যাণ সাধনে কাজ করে যাচ্ছে। বিদেশগামী ও প্রত্যাগত কর্মীদের সহায়তা, প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীদের মৃতদেহ দেশে আনয়ন, মৃতদেহ পরিবহন ও দাফন খরচ প্রদান, প্রবাসে বিপদগ্রস্ত কর্মীদের দেশে ফেরত আনয়ন এবং বিদেশে অসুস্থ কর্মীদের দেশে আনয়নসহ চিকিৎসায় আর্থিক সহায়তা প্রদান করা হচ্ছে। বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে প্রবাসী কর্মীদের প্রেরিত রেমিটেন্সের সার্বিক গুরুত্ব বিবেচনায় তাদের যে কোন অভিযোগ নিষ্পত্তির বিষয়ে অত্র দপ্তর সদা তৎপর রয়েছে। তারই অংশ হিসেবে প্রতি মাসের প্রথম সপ্তাহে বুধবার সকাল ১০টা থেকে দুপুর ১২টা পর্যন্ত মহাপরিচালকের দপ্তরে গণশুনানী অনুষ্ঠিত হবে।

সংশ্লিষ্ট সকলকে বিষয়টি নির্দেশক্রমে অবহিত করা হলো।

(মোঃ জহিরুল ইসলাম)
উপ-সচিব
পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)
ফোন : ০২-৯৩৪৩২৪৭

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে :

১। সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
(দৃঃ আঃ যুগ্ম সচিব(প্রশাসন),(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
২। মহাপরিচালক, বিএমইটি, ঢাকা(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। ব্যবস্থাপনা পরিচালক, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। সিস্টেম এ্যানালিষ্ট, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫। সহকারী পরিচালক, ডিইএমও(সকল)(বহুল প্রচারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের অনুরোধসহ)।
৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
৭। পরিচালক (অর্থ ও কল্যাণ/প্রশাসন ও উন্নয়ন/আইআরপি) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
৮। অফিস কপি।